ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১৮৩৩

খোয়াই, ২১ জুলাই, ২০২৫

**২৮ জুলাই সমাজকল্যাণ ও সমাজশিক্ষা**
**দপ্তরের বিভিন্ন প্রকল্পের বাস্তবায়ণ নিয়ে কর্মশালা**

আগামী ২৮ জুলাই সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের বিভিন্ন প্রকল্পের সঠিক বাস্তবায়ণ ও প্রকল্প সমূহের সুবিধাগুলি নিয়ে বিভিন্ন স্তরের জনপ্রতিনিধিদের উপস্থিতিতে একদিনের কর্মশালা অনুষ্ঠিত হবে। আজ এই কর্মশালাকে সফল করার লক্ষ্যে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা আধিকারিকের কার্যালয়ের উদ্যোগে জিলা পরিষদের কনফারেন্স হলে এক বৈঠক অনুষ্ঠিত হয়। খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহ রায় (দত্ত)-র সভাপতিত্বে অনুষ্ঠিত এই বৈঠকে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশিস নাথ শর্মা, তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দীপা দেব, কল্যাণপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সৌমেন গোপ, খোয়াই পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান টিংকু ভট্টাচার্য, পদ্মবিল বিএসি'র চেয়ারম্যান প্রশান্ত দেববর্মা, তেলিয়ামুড়া বিএসি'র চেয়ারম্যান ভানলাল রাঙ্খল প্রমুখ। বৈঠকে খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহরায় (দত্ত) বলেন, মানুষের আর্থসামাজিক মান উন্নয়নের লক্ষ্যে রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করে চলেছে। এবিষয়ে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর নানাবিধ কর্মসূচি নিয়ে কাজ করছে। এই কর্মসূচিগুলি সম্পর্কে সবাইকে অবহিত করতে যথাযথ উদ্যোগ নিতে হবে।

*****